গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
www.nationalsavings.gov.bd

## সভার কার্যবিবরণীঃ

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৭/০৪/২০১৬খ্রিঃ তারিখের স্মারক নং- ০৮.০০.০০০০.০৩৬.৩৯.০৫৫.১৫.৫৩৩-এর নির্দেশনার আলোকে উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধির মাধ্যমে জনপ্রশাসনে কাজের গতিশীলতা আনয়ন এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের জন্য গঠিত 'ইনোভেশন টিম' এর অক্টোবর/২০১৬ মাসের সভা ২৫/১০/২০১৬ খ্রিঃ তারিখে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন, জাতীয় সঞ্চয় অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) এবং 'জাতীয় সঞ্চয় অধিদপ্তর-ইনোভেশন টিম'-এর আহবায়ক জনাব আয়েজউদ্দিন আহমেদ। উক্ত সভায় মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর মহোদয় সদয় উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' তে দেখানো হলো।

০২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি জাতীয় সঞ্চয় অধিদপ্তরের উপ-পরিচালক জনাব মুহাম্মদ মিজানুর রহমান-কে আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপন করার অনুরোধ জানালে জনাব রহমান পর্যায়ক্রমে বিষয়াবলী উপস্থাপন করেনঃ

০৩। সভায় ইনোভেশন টিমের গত ২৭/০৯/২০১৬খ্রিঃ তারিখের ৫ম সভার কার্যাবিবরণী নিয়ে প্রথমে আলোচনা হয়। সভার কার্যাবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে সকল সদস্য একমত পোষণ করায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। অতপরঃ গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি এবং জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইনোভেশন কর্মপরিকল্পনা-২০১৬ বিষয়ে সভায় আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | তথ্য ও পরামর্শ কেন্দ্র এর কার্যাক্রম; | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রধান কার্যালয়ে স্থাপিত হেল্প ডেস্ক/তথ্য ও পরামর্শ কেন্দ্র এর কার্যক্রম নিয়ে সভায় আলোচনা হয়। আলোচনা কালে উপ-পরিচালক (জনসংযোগ) জানান তথ্য ও পরামর্শ কেন্দ্র যথারীতি চালু আছে এবং সঠিকভাবে কাজ করছে। | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রধান কার্যালয়ে স্থাপিত হেল্প ডেস্ক/তথ্য ও পরামর্শ কেন্দ্রের সেবা অব্যাহত রাখা হবে। উপ-পরিচালক (জনসংযোগ) উক্ত সেবা প্রদান কার্যক্রম নিশ্চিত করবেন। | উপ-পরিচালক (জনসংযোগ) । |
| ২. | ইনোভেটিভ ধারণা উপস্থাপন; | গত ৫ম সভায় জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রধান কার্যালয়ের প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে ০৩/১০/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে একটি করে নতুন ইনোভেটিভ ধারণা লিখিতভাবে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। এ বিষয়ে উপ-পরিচালক (নীতি) জানান প্রত্যেকে যথাসময়ে নিজ নিজ উদ্ভাবনী ধারণা লিখিতভাবে উপস্থাপন করেছেন। তিনি সকলের উপস্থাপিত উদ্ভাবনী ধারণার সার-সংক্ষেপ সভায় উপস্থাপন করেন। প্রত্যেকে যথাসময়ে নিজ নিজ ইনোভেটিভ ধারণা উপস্থাপন করায় মহাপরিচালক মহোদয় সকলকে ধন্যবাদ জানান। উপস্থাপিত ধারণাগুলি পর্যায়ক্রমে বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়। উপস্থাপিত ধারণাগুলির মধ্যে হতে **"প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী প্রতিবছর অন্তত: একটি করে গ্রাম নির্বাচন করে সেখানে সঞ্চয় স্কিমের প্রচার কাজ পরিচালনা করবেন"** ধারণাটি প্রথমিকভাবে বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। | জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়ের প্রত্যেকটি কর্মকর্তা/কর্মচারী **"প্রতিবছর একটি করে গ্রাম নির্বাচন করে সেখানে সঞ্চয় স্কিমের প্রচার কাজ পরিচালনা করবেন।"** আগামী ফেব্রুয়ারী/২০১৭খ্রিঃ মাসের মধ্যে প্রত্যেকে এ বিষয়ে একটি প্রতিবেদন মহাপরিচালক এর নিকট দাখিল করবেন। উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট জেলার 'জেলা সঞ্চয় অফিস' প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করবেন। | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী। |

চলমান পাতা-০২

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ৩. | অবসরোত্তর প্রাপ্য আর্থিক সুবিধা সহজিকরণ; | জাতীয় সঞ্চয় অধিদপ্তর এর কর্মকর্তা-কর্মচারীর প্রাপ্য অবসরোত্তর আর্থিক সুবিধা প্রদানের বিদ্যমান নিয়মাবলী সহজিকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনা কালে সহকারী পরিচালক (প্রশাসন) জানান, এ কাজে সহযোগীতা করার জন্য ক্যাশ শাখায় একজন জনবল বৃদ্ধি করা হয়েছে। অবসরোত্তর আর্থিক সুবিধা সহজিকরণের জন্য প্রয়োজনীয় করণীয় সংক্রান্ত তালিকাযুক্ত একটি ফরম প্রস্তুত করে সকল অফিসে প্রেরণ করা হবে। | অবসরোত্তর আর্থিক সুবিধা গ্রহণের জন্য আবেদনপত্রের সাথে কী কী সংযুক্ত করা প্রয়োজন, তার একটি তালিকা এবং প্রয়োজনীয় ফরমসমূহ সকল অফিসে প্রেরণ করা হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৪. | ইনোভেশন টিমের সদস্যদের আইসিটি মেলা পরিদর্শন; | ইনোভেশন টিমের সদস্যসহ অধিদপ্তরের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃক আইসিটি মেলা পরিদর্শন এর বিষয়টি সভায় আলোচনা হয়। এ ছাড়াও আয়কর মেলাতে স্টল বরাদ্দসহ সঞ্চয়পত্র বিক্রয় করার বিষয়টি সভায় গুরুত্বসহকারে আলোচিত হয়। আয়কর মেলায় স্টল বরাদ্দ গ্রহণসহ সঞ্চয়পত্র/প্রাইজবন্ড বিক্রয় করার বিষয়ে সহকারী পরিচালক (প্রশাসন), সকল বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালকবৃন্দের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | আয়কর মেলাসহ অন্যান্য মেলায় জাতীয় সঞ্চয় অধিদপ্তরের জন্য বরাদ্দকৃত স্টলে প্রাইজবন্ড বিক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-পরিচালক, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয় (সকল) ও সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৫. | E-governance সম্পর্কিত সংস্কার ও উন্নয়ন বিষয়ক (বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, শুদ্ধাচার ও নৈতিকতা; তথ্য অধিকার আইন; অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা; ইনোভেশন টিম, তথ্য অধিকার আইন) একটি স্বতন্ত্র সেকশন চালুকরণ; | সরকারের সংস্কার ও উন্নয়ন বিষয়ক কর্মকান্ড গুরুত্বের সাথে বাস্তবায়নের নিমিত্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, শুদ্ধাচার ও নৈতিকতা; তথ্য অধিকার আইন; অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা; ইনোভেশন টিম ইত্যাদির জন্য একটি স্বতন্ত্র সেল চালু করার বিষয়ে প্রশাসন শাখা হতে একটি প্রশাসনিক আদেশ জারী করার বিষয়ে সভায় আলোচনা হয়। | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের E-governance সম্পর্কিত সংস্কার ও উন্নয়ন বিষয়ক কর্মকান্ড তরান্বিত করার জন্য পরিচালক (বাজেট ও পরিকল্পনা) এর তত্বাবধানে **'পরিকল্পনা ও উন্নয়ন'** নামে একটি স্বতন্ত্র সেল চালু করা হবে। অধিদপ্তরের প্রশাসন শাখা হতে এ সংক্রান্ত একটি প্রশাসনিক আদেশ জারী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৬. | জেলা সঞ্চয় অফিস, ঢাকাসহ ঢাকা শহরে অবস্থিত ৬টি ব্যুরোতে পরীক্ষামূলকভাবে হিসেবে ব্যুরোসমূহে e-savings software চালুকরণ; | জেলা সঞ্চয় অফিস, ঢাকাসহ ঢাকা শহরে অবস্থিত ৬টি ব্যুরোতে e-savings software অক্টোবর, ২০১৬ মাসের মধ্যে চালু করার বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তা সংযুক্ত করার বিষয়টি সভায় আলোচনা হয়। আলোচনাকালে সহকারী পরিচালক, জনাব মাসুদুর রহমান জানান, ঢাকা শহরের সব ব্যুরোতে প্রাথমিকভাবে কাজ শুরু করা হয়েছে। পূর্ণাঙ্গভাবে কাজ চালু করতে আরো কিছু সময়ের প্রয়োজন হতে পারে মর্মে সভাকে অবহিত করেন। | E-savings software পূর্ণাঙ্গভাবে চালু করার জন্য সহকারী পরিচালক, জনাব মাসুদুর রহমান সার্বক্ষণিকভাবে ৬টি ব্যুরোকে সহযোগীতা করবেন। তাছাড়া উক্ত কাজ সঠিকভাবে বাস্তবায়নের হচ্ছে কিনা তা পরিচালক (প্রশাসন) কর্তৃক পরিবীক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক, জনাব মাসুদুর রহমান। |

চলমান পাতা-০৩

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ৭. | ইনোভেশন টিমের সদস্যদের প্রশিক্ষণ প্রদান। | ইনোভেশন টিমের সদস্যদের প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত প্রশিক্ষণ সিডিউল প্রস্তুত করার ব্যাপারে সভায় আলোচনা হয়। | উপ-পরিচালক (নীতি) সহকারী পরিচালক (প্রশাসন) এর সাথে আলোচনা করে সমন্বয় সাধনের মাধ্যমে প্রশিক্ষণ সিডিউল প্রস্তুত করে আগামী নভেম্বর, ২০১৬ মাসের মধ্যে মহাপরিচালক মহোদয়ের নিকট দাখিল করবেন। | উপ-পরিচালক (নীতি) ও সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৮. | ইনোভেশন টিমের সদস্যদের পদক প্রদান। | ইনোভেশন টিমের সদস্যদের অর্থ বছর শেষে পদক প্রদানের বিষয়টি সভায় আলোচনা হয়। Best Performing ক্যাটাগরীতে একজন কর্মকর্তা ও একজন কর্মচারীকে পদক প্রদানের বিষয় সভায় আলোচিত হয়। | জানুয়ারী, ২০১৭ মাসের মধ্যে Best Performing ক্যাটাগরীতে একজন কর্মকর্তা ও একজন কর্মচারীকে পদক প্রদানের বিষয়ে সহকারী পরিচালক (প্রশাসন) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সহকারী পরিচালক (প্রশাসন) |

০৪। সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ দিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

০৪/১১/১৬

(আয়েজউদ্দিন আহমেদ)
পরিচালক (প্রশাসন)
ও
আহবায়ক
'জাতীয় সঞ্চয় অধিদপ্তর-ইনোভেশন টিম'

সংযোজনী-ক

উপস্থিত সদস্যদের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। জনাব মুহম্মদ আব্দুল বারিক, উপ-পরিচালক (জনসংযোগ), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০২। জনাব রাজিয়া বেগম, উপ-পরিচালক (জনসংযোগ), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৩। জনাব মুহাম্মদ মিজানুর রহমান, উপ-পরিচালক (পরিসংখ্যান), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৪। জনাব মোঃ রেজানুর রহমান, সহকারী পরিচালক (বাজেট) জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৫। জনাব মোহাম্মদ খলিলুর রহমান, সহকারী পরিচালক (ক্যাশ) জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৬। জনাব সুলতানা জাকিয়া, সহকারী পরিচালক (পরিসংখ্যান), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৭। জনাব রুমানা সিদ্দিকা, সহকারী পরিচালক (অডিট ও আইন), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৮। জনাব মোঃ মাসুদুর রহমান, সহকারী পরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৯। জনাব আসমা খাসম, সাঁট-লিপিকার, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
১০। জনাব দেবেন্দ্র নাথ বিশ্বাস, উচ্চমান সহকারী, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

চলমান পাতা-০৪

নং-০৮.০৪.০০০০.০১২.০৬.১১৬.১৬. ২৫৭২      তারিখঃ ১৭ কার্তিক ১৪২৩ বঃ / ০১ নভেম্বর ২০১৬ খ্রিঃ

**বিতরণঃ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। জনাব রাজিয়া বেগম, উপ-পরিচালক (জনসংযোগ), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

০২। জনাব মুহাম্মদ মিজানুর রহমান, উপ-পরিচালক (পলিসি), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

০৩। জনাব মোহাম্মদ মনির হোসেন, সহকারী পরিচালক (প্রশাসন) জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

০৪। জনাব সুলতানা জাকিয়া, সহকারী পরিচালক (পরিসংখ্যান), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক (বাজেট ও পরিকল্পনা),জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

০২। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। উপ-পরিচালক, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, ........................।

০৪। সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, ......................।

০৫। সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, ......................।

০৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৭। অফিস নথি।

০১/১১/১৬

(আয়েজউদ্দিন আহমেদ)
পরিচালক (প্রশাসন)
ও
আহবায়ক
জাতীয় সঞ্চয় অধিদপ্তর-ইনোভেশন টিম।